

## ডাক ও টেলিযোগাযোগ বিভাগের গুরুত্বপূর্ণ কার্যক্রম সমূহ

এম জসীম উদ্দিন

বৈষম্যবিরোধী ও কোটা সংস্কার আন্দোলন চলাকালীন সময়ে ইন্টারনেট সংযোগ বিছিন্ন হওয়ার বিষয়ে গত ১৮/০৮/২০২৪ তারিখে তদন্ত করা হয়। নির্দেশ অনুসারে ২৪ ঘণ্টার মধ্যে তদন্ত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে এবং পরবর্তীতে কমিটি বিস্তারিত প্রতিবেদনও দাখিল করেছে। বর্তমানে কমিটির সুপারিশ বাস্তবায়নের কাজ চলছে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় ০২ টি ক্যাডার (ডাক ও টেলিকম) এর পদের সংক্রান্ত জটিলতা নিরসন করা হয়। গত এক মাসে এ বিভাগের অধীন ৪৮, ৫৫ ও ৬৫ গ্রেডের কর্মকর্তাদের পদোন্নতি প্রদান করা হয়েছে। ৩য় গ্রেডের আরও কিছু কর্মকর্তাদের তথ্য যাচাইপূর্বক এসএসবি-তে প্রেরণ করা হয়েছে যা শীঘ্ৰই অনুমোদিত হবে বলে আশা করা যাচ্ছে।

২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত এ বিভাগের অধীন যেসকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হয়েছে তা মূল্যায়ন করার জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে। শীঘ্ৰই কমিটি প্রতিবেদন জমা দিবে। মূল্যায়নে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সে অনুসারে ব্যবস্থা নেয়ার উদ্যোগ নেয়া হবে। সাম্প্রতিক আকস্মিক বন্যা চলাকালীন কার্যক্রমে এ বিভাগের সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয়করণের জন্য একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি কমিটি সার্বক্ষণিক নিয়োজিত ছিল।

বন্যায় আক্রান্ত ফেনী ও নোয়াখালী জেলার বিভিন্ন স্থানে আপদকালীন টেলিযোগাযোগ ব্যবস্থা বজায় রাখতে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লি: (বিএসসিএল) এর মাধ্যমে ০৮ টি ভি-স্যাট স্থাপন করা হয়েছে। বন্যা নিয়ন্ত্রণে স্থাপিত আর্মি ক্যাম্পসমূহেও প্রয়োজনীয় সংখ্যক ভি-স্যাট স্থাপন করা হয়েছে। ফলে তাৎক্ষণিক যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়েছে। ফেনী জেলায় বন্যা পরিস্থিতিতে সহযোগিতার জন্য বিভিন্ন নেটওয়ার্ক সরঞ্জাম ও জালানি পরিবহণের জন্য ডাক অধিদপ্তরের মাধ্যমে ০৩ টি ট্রাকের মাধ্যমে খাদ্যসামগ্রী প্রেরণ করা হয়েছে। বন্যার সময়ে জেনারেটর এর সাহায্যে মোবাইল নেটওয়ার্ক চালু রাখার জন্য বিটিআরসি এর মাধ্যমে মোবাইল অপারেটরদেরকে বিনামূল্যে জালানি সরবরাহ করা হয়েছে।

বন্যা দুর্গতদের সহায়তার নিমিত্ত এ বিভাগ এবং বিভাগের আওতাধীন দপ্তরসমূহে কর্মরত কর্মচারী কর্মকর্তাদের ১ (এক) দিনের মূল বেতন ১,১৬,৮১,৬৫০ ( এক কোটি, ষোল লক্ষ, একাশি হাজার, ছয়শত তেপ্পান ) টাকা প্রদান করা হয়। বিভিন্ন সংস্থায় চুক্তিভিত্তিক নিয়োগ বাতিলকরণ এ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থায় চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হয়েছে এবং বিভিন্ন কোম্পানিসমূহের পরিচালনা পর্যবেক্ষণ পুনর্গঠন করা হয়েছে। গ্রাহক সেবা সহজীকরণ চিঠিপত্র, পার্সেল, ডকুমেন্টস ইত্যাদি ইস্যু ও ডাক মাশুল পরিশোধ করা, ডাক দ্রব্যাদি বুকিং ও ডাক মাশুল ঘরে বসে পরিশোধ করার জন্য Online Booking Apps প্রস্তুত করা হয়েছে। এই Apps এর মাধ্যমে প্রত্যেক গ্রাহক নিজেই তার চিঠি পত্র, পার্সেল, ডকুমেন্ট ঘরে/অফিসে বসে ২৪/৭ সময়ে বুকিং করতে পারবেন।

পর্ণ ও জুয়ার ওয়েবসাইট বন্ধকরণ। টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক সিটিডিআর সেন্টারের মাধ্যমে দেশের ইন্টারনেট ব্যবস্থায় ১৬৬৭ টি পর্ণ ওয়েবসাইট এবং ৫৬০ টি জুয়ার ওয়েবসাইট বন্ধ করা হয়েছে এবং ম্যালওয়ার ছড়ায় এরূপ সাইটসমূহে প্রবেশগম্যতা সীমিতকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

গত এক মাসে আন্তর্জাতিক কলের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। গত ৫ আগস্ট এর পূর্বে বিটিসিএল এর দৈনিক আন্তর্জাতিক কলের পরিমাণ ছিল ৫-৬ মিলিয়ন মিনিটস যা বর্তমানে বৃদ্ধি পেয়ে দৈনিক ৮.৫-৯ মিলিয়ন মিনিটস এ পৌছেছে। আলাপের গ্রাহক সংখ্যা বৃদ্ধি আলাপের বর্তমান গ্রাহক সংখ্যা ১৫,৯৫ লক্ষ। যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। সেলক্ষে বিটিআরসির কাছে নতুন নাম্বার বরাদ্দ চাওয়া হয়েছে যার পরিপ্রেক্ষিতে বিগত সেপ্টেম্বর ২০২৪ খ্রি. তারিখে বিটিআরসি থেকে ২ লক্ষ নাম্বার বরাদ্দ দেয়া হয়েছে।

সাম্প্রতিক বন্যায় বন্যাদুর্গত এলাকায় বৰ্ক হয়ে যাওয়া ল্যান্ডফোন চালুকরণ বন্যার পানি বৃদ্ধি পেলে ২২-০৮-২০২৪ খ্রি: তারিখে ফেনীর ছাগলনাইয়া, পরশুরাম, ফুলগাজী এবং ২৩-০৮-২০২৪ খ্রি: তারিখে ফেনী সদর, দাগনভূঁগা ও সোনাগাজী উপজেলায় টেলিযোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। পরবর্তীতে বন্যার প্রকোপ কিছুটা কমে আসলে পানিবন্দি অবস্থাতেও ২৪-০৮-২০২৪ খ্রি: তারিখে ফেনী সদর, দাগনভূঁগা ও সোনাগাজী এক্সচেঞ্জ এর সকল সার্ভিস, ২৫-০৮-২০২৪ খ্রি: তারিখে ফুলগাজী এবং ২৭-০৮-২০২৪ খ্রি: তারিখে ছাগলনাইয়া উপজেলা এক্সচেঞ্জ এর সকল সার্ভিস চালু হয়। ২৮-০৮-২০২৪ খ্রি: তারিখ হতে পরশুরাম এক্সচেঞ্জসহ বর্তমানে সকল এক্সচেঞ্জ চালু রয়েছে।

গ্রাহকসেবার মান উন্নয়ন কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্সে সকল মোবাইল নেটওয়ার্ক অপারেটরের যৌথ-অংশিদারিতে IBS স্থাপনের মাধ্যমে স্থায়ীভাবে মোবাইল নেটওয়ার্ক নিশ্চিতকরণ করা হয়েছে। নেটওয়ার্ক সেবার মান পরিবর্ক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে আনুমানিক ১৮০০ কি. মি. ড্রাইভ টেন্স সম্পন্ন করা হয়েছে KPI ডাটা অ্যানালাইসিসপূর্বক ২৯ টি মাইক্রোওয়েভ লিংকের ব্যান্ডউইডথ ৩.২ জিবিপিএস বৃদ্ধিকরণ সম্পন্ন করা হয়েছে। ইন্টারনেট ডাটা স্পিড বৃদ্ধির মাধ্যমে গ্রাহক পর্যায়ে পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে সাইটসমূহে ব্যান্ডউইডথ বৃদ্ধি করা ও টেন্স করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। চট্টগ্রাম অঞ্চলে আনুমানিক ২০ টি সাইটের ব্যান্ডউইডথ নিজস্ব এবং NTTN এর সহায়তায় বৃদ্ধি করা হয়েছে। টেলিটক বাংলাদেশ লিমিটেড টেলিটকের নেটওয়ার্ক কভারেজ ও পরিষেবার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি আরও বৃদ্ধি করা হয়েছে। প্রস্তাবিত ইউনিয়ন পর্যন্ত ৪জি নেটোয়ার্ক সম্প্রসারণের জন্য সকল প্রক্রিয়া শেষ করে অতি শীত্বাই IFT (Invitation for Tender) জারি করা হবে। গ্রাম পর্যায়ে টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ৫জি সেবা প্রদানে নেটওয়ার্ক আধুনিকায়ন” প্রকল্পের আওতায় ৬১ টি বিটিএস সাইটে নতুন ৪জি ই-নোডবি স্থাপন এবং আপগ্রেডেশন, ৩২ টি বিটিএস সাইটে সিএসজি রাউটার স্থাপন, ১৮৩ টি টেলিকম অ্যান্টেনা স্থাপন, ৬০ টি সাইটে মাইক্রোওয়েভ লিংক স্থাপন করা হয়েছে। যার ফলে টেলিটকের নেটওয়ার্ক পূর্বের তুলনায় শক্তিশালী হয়েছে।

উপকূলীয় ও পার্বত্য অঞ্চলে ২০০টি সাইটে টাওয়ার নির্মাণ করা হয়েছে এবং আরও ৩০টি সাইট নির্বাচনপূর্বক জমির মালিকের সাথে জমি-ভাড়া চুক্তি সম্পাদিত হয়েছে। উপকূলীয় ও পার্বত্য অঞ্চল শীর্ষক প্রকল্পের অধীন উচ্চগতির লং ডিসট্যান্ট ৭টি মাইক্রোওয়েভ লিংক স্থাপনের জন্যে কারিগরি জরিপ সম্পন্ন করা হয়েছে। PABX system, ল্যাপটপ সরবরাহ এবং স্টেনো মডিউল এর SKD যন্ত্রাংশ সংগ্রহ করে সংযোজন করা হয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে ল্যাপটপও সরবরাহ করা হয়েছে।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট, ময়মনসিংহ মেডিকেল কলেজ, বার্ড, কুমিল্লা স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালে বিভিন্ন মডেলের ও বিভিন্ন ধরনের স্পেয়ার পার্টস् (DC-DC PSU, Main CPU Card, Extension Card, Backup Battery System, Rectifier Module etc.) সরবরাহ ও স্থাপন করা হয়েছে, স্টেনো মডিউল এর SKD যন্ত্রাংশ সংগ্রহ করে সংযোজন করা হয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে ল্যাপটপও সরবরাহ করা হয়েছে।

বিএসসিপিএলসি'র গ্রাহকগণকে মানসম্মত আইপি ট্রানজিট সেবা প্রদানের লক্ষ্যে স্বনামধন্য ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান NTT Singapore Pte. Ltd. এর সাথে (দুই)টি ১০জি আপস্ট্রিম সার্কিটের সংযোগ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত স্বচ্ছতা ও জবাবদিহির সাথে চলমান প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত এবং প্রকল্পে দুর্নীতিমুক্ত কার্যক্রম নিশ্চিতকরণের নির্দেশনাসহ এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ১২ টি প্রকল্পের বাস্তবায়ন কাজে গতি আনয়নের জন্য পিআইসি এবং পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে।

#

পিআইডি ফিচার